



**জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হবে**

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, দেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে সুপারিশমালা প্রণয়নের জন্য একটি জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হবে।

বাসস জানায়, তিনি গতকাল বৃহস্পতি শিল্পকলা একাডেমী মিলনায়তনে জাতীয় শিক্ষা সপ্তাহের সমাপ্তি অধিবেশনে বক্তব্য রাখছিলেন। তিনি বলেন, কমিটি নির্ধারিত সময়সীমার মধ্যে সুপারিশমালা প্রণয়ন করবে। শিক্ষা উপমন্ত্রী গোলাম সারওয়ার মিলন, শিক্ষা সচিব এম. এ সাইদ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগের মহাপরিচালক এ. এইচ. এন করিম এ উপলক্ষে উপস্থিত ছিলেন।

শিক্ষা সপ্তাহে দেশের পুরাতন জেলাসমূহের ২১টি স্কুল ও ৪টি বিভাগ থেকে ৫টি কলেজকে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পুরস্কৃত করা হয়।

২১টি জেলায় বিশ্ববিদ্যালয় কলেজ হবে  
শিক্ষামন্ত্রী বলেন, আগামী (শেষ পৃ: ৩-এর ক: স:)

শিক্ষামন্ত্রী  
(১ম পাতার পর)

তিন বছরের মধ্যে দেশের পুরাতন ২১টি জেলার প্রত্যেকটিতে একটি করে বিশ্ববিদ্যালয় কলেজ প্রতিষ্ঠা করা হবে। এছাড়াও যেখানে সুযোগ-সুবিধা রয়েছে সে সমস্ত কলেজে সম্মান কোর্স খোলা হবে। মন্ত্রী বলেন, ১৯৯০ গালের মধ্যে সিলেট ও খুলনা বিশ্ববিদ্যালয় কাজ শুরু করবে।

নতুন শিক্ষা পদ্ধতি হবে 'পিরামিড প্যাটার্নের'

শিক্ষামন্ত্রী বলেন, নতুন শিক্ষা পদ্ধতি হবে 'পিরামিড প্যাটার্নের'। এই পদ্ধতিতে প্রাথমিক শিক্ষার ক্ষেত্র হবে বিস্তৃত এবং উচ্চ শিক্ষার সুযোগ ক্রমান্বয়ে যোগ্য ছাত্রদের জন্য নির্ধারিত থাকবে। তিনি বলেন, যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে সেগুলোকে সরকারী সাহায্য দেয়া হবে। তবে তিনি মতর্ক করে দিয়ে বলেন, যে প্রতিষ্ঠানের কার্যক্রম খারাপ হবে সেখান থেকে সরকারী সাহায্য প্রত্যাহার করে নেয়া হবে।

প্রয়োজনবোধে পরীক্ষাকেন্দ্র বাতিল করা হবে

মাহবুবুর রহমান বলেন, অসুপায় অবলম্বনের উদ্দেশ্যে শহর-কল থেকে গ্রামাকলে পরীক্ষা দেয়ার প্রবণতা এক ধরনের পরীক্ষার্থীদের মধ্যে দেখা যাচ্ছে। এ প্রসঙ্গে তিনি বলেন, যে সমস্ত কেন্দ্রে এ ধরনের অপ্রীতিকর অবস্থার সৃষ্টি করা হয় প্রয়োজনবোধে সরকার সে সমস্ত পরীক্ষাকেন্দ্র বাতিল করার বিষয়ে চিন্তাভাবনা করছেন।